গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী
**নৈতিকতা কমিটির ৩য় সভার** কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুস্তাকীম বিল্লাহ ফারুকী<br>মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ ও সময় | : | ২৪ জানুয়ারি, ২০২৪; বেলা ০২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে একটি করে নৈতিকতা কমিটির সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনের ছাদে ছাদ বাগান করার এবং পানি ব্যবহারে সকলকে সাশ্রয়ী/মিতব্যয়ী হওয়ার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

০২। পরিচালক (প্রশাসন) কর্তৃক ১৭ অক্টোবর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২য় সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করা হয় :

| ক্রম | ১৭ অক্টোবর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত ২য় সভার সিদ্ধান্ত | ২য় সভায় বাস্তবায়ন সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে গৃহীত কর্মপরিকল্পনা মোতাবেক অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান নিয়ে আলোচনা হয়। | অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর ২৫ জন অফিস সহকারীকে ০৩-০৪ ডিসেম্বর, ২০২৩ তারিখ এবং ২৫ জন অফিস সহকারীকে ১৭-১৮ ডিসেম্বর, ২০২৩ তারিখ মোট ৫০ জনকে আইসিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২.২ | অধিদপ্তরের উপজেলা পর্যায়ে জনবল পদায়নের কাঠামো প্রস্তুতপূর্বক সুরক্ষা সেবা বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপজেলা পর্যায়ে জনবল পদায়নের লক্ষ্যে জনবল সৃজন ও সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের প্রস্তাব ২৬ ডিসেম্বর, ২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ২.৩ | অধিদপ্তরের ৯ম গ্রেড হতে তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণের রেশন প্রাপ্তির প্রস্তাব পুর্নবিবেচনার জন্য সুরক্ষা সেবা বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | অধিদপ্তরের ৯ম গ্রেড হতে তদুর্দ্ধ (প্রেষণসহ) পর্যায়ের কর্মকর্তাগণের রেশন সুবিধা প্রদানের প্রস্তাব ১৮ ডিসেম্বর, ২০২৩ তারিখ সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। |

০৩। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির **অদ্যকার ৩য় সভায়** নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনের ছাদে ছাদ বাগান করার বিষয়ে আলোচনা হয়। | অধিদপ্তরের প্রধান কার্যালয় ভবনের ছাদে ছাদ বাগান করতে হবে। ৩১ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে ছাদ বাগানের যাবতীয় উপকরণাদি সংগ্রহ ও ক্রয় করে স্থাপন সম্পন্ন করতে হবে। সহকারী পরিচালক (কমন সার্ভিস) ছাদ বাগানের যাবতীয় কার্যক্রম মনিটরিং করবেন। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৩.২ | পানি ব্যবহারে সকলকে সাশ্রয়ী/মিতব্যয়ী হওয়ার বিষয়ে আলোচনা হয়। | পানি ব্যবহারে সকলকে সাশ্রয়ী/মিতব্যয়ী হতে হবে। এ বিষয়ে একটি অফিস আদেশ জারি করতে হবে। পাশাপাশি ৩১ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের সকল বেসিনের ওপরে দেয়ালে এবং সকল ওয়াশরুমের ভিতরের দিকে দৃশ্যমান স্থানে পানির অপচয় রোধে নির্দেশিকা সম্বলিত স্টিকার লাগাতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৩ | শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় এবং তা দূরীকরণে গৃহীত কর্মপরিকল্পনা মোতাবেক অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে প্রশিক্ষণ প্রদান নিয়ে আলোচনা হয়। | অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে দক্ষ করার লক্ষ্যে ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ/২০২৪ সময়ে) ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |

০৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)
মহাপরিচালক (গ্রেড-১)।

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-৩৯৫

তারিখ: ২১ মাঘ, ১৪৩০
০৪ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপপরিচালক (....................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ............................।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী পরিচালক (....................................), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন, ..........................।
৯। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)